# বিবেকানন্দ কলেজ

## বিজ্ঞপ্তি

তাং-২১.০৮.২০২৬

**বিষয়: FYUGP-এর অধীনে ৭ম সেমিস্টারে ভর্তির সংশোধিত বিধান এবং ব্যাক পেপার সংক্রান্ত নির্দেশনা**

নির্দেশানুযায়ী জানানো যাচ্ছে যে, FYUGP 2023-2024 (Version 1.3)-এর Clause No. 15.xviii সংশোধন করা হয়েছে। সংশোধিত বিধান অনুযায়ী, Honours Programme-এর ক্ষেত্রে কোনো শিক্ষার্থী ৬ষ্ঠ সেমিস্টার পর্যন্ত সমস্ত পেপার উত্তীর্ণ না হলেও ৭ম সেমিস্টারে ভর্তি হতে পারবে। অর্থাৎ, ৬ষ্ঠ সেমিস্টার পর্যন্ত কোনো ব্যাক পেপার থাকলেও সংশ্লিষ্ট শিক্ষার্থী ৭ম সেমিস্টারে ভর্তি হয়ে তার নির্ধারিত পাঠক্রম চালিয়ে যেতে পারবে।তবে, এই ধরনের শিক্ষার্থীদের ক্ষেত্রে Honours with Research Programme-এ ভর্তির সুযোগ প্রযোজ্য হবে না। কারণ, Honours with Research Programme-এর জন্য নির্ধারিত যোগ্যতার অন্যতম শর্ত হলো ৬ষ্ঠ সেমিস্টার পর্যন্ত প্রাপ্ত নম্বরের ভিত্তিতে শিক্ষার্থীকে ৭৫% নম্বর অর্জন করতে হবে। সুতরাং, ৬ষ্ঠ সেমিস্টার পর্যন্ত কোনো পেপার অনুত্তীর্ণ বা বকেয়া থাকলে সংশ্লিষ্ট শিক্ষার্থী Honours with Research Programme-এর নির্ধারিত যোগ্যতা পূরণ করবে না। একই বিধান FYUGP 2024-2025-এর অধীনে অধ্যয়নরত শিক্ষার্থীদের ক্ষেত্রেও সমানভাবে প্রযোজ্য।২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে FYUGP-এর অধীনে ভর্তি হওয়া শিক্ষার্থীদের ক্ষেত্রে ১ম থেকে ৬ষ্ঠ সেমিস্টার পর্যন্ত যে সমস্ত পেপার অনুত্তীর্ণ রয়েছে, সেগুলি উত্তীর্ণ করার সুযোগ জুন ২০২৮-এর Even Semester Examination পর্যন্ত থাকবে। বিদ্যমান বিধান অনুযায়ী, শিক্ষার্থীরা পাঁচটি একাডেমিক সেশনের মধ্যে তাদের স্নাতক কোর্সের প্রয়োজনীয়তা পূরণ করার সুযোগ পাবে।তবে শিক্ষার্থীদের বিশেষভাবে জানানো হচ্ছে যে, কোনো শিক্ষার্থী যদি জুন ২০২৮-এর Even Semester Examination-এর মধ্যে ১ম থেকে ৬ষ্ঠ সেমিস্টার পর্যন্ত সমস্ত অনুত্তীর্ণ পেপার উত্তীর্ণ করতে ব্যর্থ হয়, তাহলে পরবর্তীকালে সে ৭ম ও ৮ম সেমিস্টারের ব্যাক পেপার উত্তীর্ণ করার জন্য নির্ধারিত বর্ধিত সময়সীমার সুবিধা দাবি করতে পারবে না।যদিও ৭ম ও ৮ম সেমিস্টারের ব্যাক পেপার উত্তীর্ণ করার সর্বশেষ সুযোগ জুন ২০৩০-এর Even Semester Examination পর্যন্ত বিস্তৃত হতে পারে, এই বর্ধিত সময়সীমার সুবিধা শুধুমাত্র সেই সমস্ত শিক্ষার্থীর ক্ষেত্রে প্রযোজ্য হবে, যারা জুন ২০২৮-এর মধ্যে ১ম থেকে ৬ষ্ঠ সেমিস্টার পর্যন্ত সমস্ত পেপার উত্তীর্ণ করেছে। অতএব, ৬ষ্ঠ সেমিস্টার পর্যন্ত কোনো পেপার যদি জুন ২০২৮-এর পরেও অনুত্তীর্ণ থাকে, তাহলে সংশ্লিষ্ট শিক্ষার্থী ২০৩০ সাল পর্যন্ত বর্ধিত সময়সীমার সুবিধা নিয়ে সেই পেপার উত্তীর্ণ করার সুযোগ পাবে না।এই কারণে সংশ্লিষ্ট শিক্ষার্থী চার বছরের স্নাতক (Four-Year Undergraduate) Programme সম্পূর্ণ করতে পারবে না এবং তার ফলাফলে নির্ধারিত Status/Double Cross প্রতিফলিত হবে। পরিণতিস্বরূপ, সংশ্লিষ্ট শিক্ষার্থীকে U.G. Major Degree প্রদান করা হবে। অতএব, সংশ্লিষ্ট সকল শিক্ষার্থীকে এই বিধান এবং এর সম্ভাব্য শিক্ষাগত পরিণতি সম্পর্কে স্পষ্টভাবে অবহিত করা অত্যন্ত জরুরি। ৭ম সেমিস্টারে ভর্তির জন্য প্রদত্ত এই শিথিলতার সুযোগ গ্রহণের আগে শিক্ষার্থীদের অবশ্যই মনে রাখতে হবে যে, ১ম থেকে ৬ষ্ঠ সেমিস্টার পর্যন্ত সমস্ত অনুত্তীর্ণ পেপার জুন ২০২৮-এর মধ্যে উত্তীর্ণ করা বাধ্যতামূলক। অন্যথায় তারা চার বছরের স্নাতক (Four-Year Undergraduate) Programme সম্পূর্ণ করার সুযোগ থেকে বঞ্চিত হতে পারে।

Srijit Das

অধ্যক্ষ
বিবেকানন্দ কলেজ
আলিপুরদুয়ার

Dr. Srijit Das
Principal
Vivekananda College (Govt.-Aided College)
Alipurduar-736121